গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
নীতি ও সংস্কার শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd.

| | |
|---|---|
| বিষয়: | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী। |
| সভাপতি: | ড. শ্রীকান্ত কুমার চন্দ |
| তারিখ: | ১৯ জুন, ২০২৩ |
| সময়: | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান: | কক্ষ নং-১৭০১, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| উপস্থিতির তালিকা: | পরিশিষ্ট “ক”। |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সেবাগ্রহণকারী হিসেবে জনাব রহিমউদ্দিন মাতবর, ১৫০/১, ক্রিশেন্ট মোহমস, মিরপুর-২, ঢাকা-১২১৬ এবং শেখ হারুণ-অর-রশিদ, সহকারি শিক্ষক, বীর শ্রেষ্ঠ নূর মোহাম্মদ মাধ্যমিক বিদ্যালয়, নড়াইল সদর, নড়াইল -কে সভায় অংশগ্রহনের জন্য আমন্ত্রণ জানানো হয়। জনাব রহিমউদ্দিন মাতবর সভায় উপস্থিত না হলেও শেখ হারুণ-অর-রশিদ সভায় অংশগ্রহণ করেন। এছাড়া সভায় নিম্নোক্ত কর্মকর্তাগন উপস্থিত ছিলেন:

(১) জনাব তানজিলা খানম, উপসচিব, কলেজ-৫, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;

(২) জনাব মো; আব্দুল্লাহ আল মাসউদ, উপসচিব (সংসদ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;

(৩) জনাব নাজিম উদ্দিন, সংযুক্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এবং

(৪) জনাব জাহিদ বখত চৌধুরী, উপ-পরীক্ষা নিয়ন্ত্রণক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

৩। সভার শুরুতেই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা অভিযোগকারী শেখ হারুণ-অর-রশিদ, সহকারি শিক্ষক, বীর শ্রেষ্ঠ নূর মোহাম্মদ মাধ্যমিক বিদ্যালয়, নড়াইল সদর, নড়াইল এর নিকট তার অভিযোগ সম্পর্কে জানতে চাওয়ায় তিনি জানান যে, গত ১০ ডিসেম্বর ২০০৪ “দৈনিক পূর্বাঞ্চল” পত্রিকার বিজ্ঞাপন অনুযায়ী তাঁকে তাকে ১৯/০৩/২০০৫ তারিখে সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) হিসেবে সকল বিধি অনুসরণ করে নিয়োগ প্রদান করা হয়। অভিযোগে উল্লেখ করা হয় যে, তাঁর জুনিয়র জনাব নাসরিন সুলতানা, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) যার নিয়োগ ০১/০২/২০১৪ তারিখ হলেও ম্যানেজিং কমিটি তার নাম এমপিও ভুক্তির জন্য সুপারিশ করেছে। এ বিষয়ে শেখ হারুণ-অর-রশিদ উপযুক্ত প্রতিকার চেয়ে শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করেন। তাঁর আবেদন পর্যালোচনান্তে মহাপরিচারক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর বরাবর বিধি মোতাবেক দ্রুত ব্যবস্থা গ্রহণ করে পত্র প্রেরণের জন্য সভাপতি মহোদয় নির্দেশ প্রদান করেন। সভাপতি বলেন যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সাধারণ জনগণ কর্তৃক দায়েরকৃত অভিযোগ নিস্পত্তির একটি স্বচ্ছ প্রক্রিয়া এবং এ বিভাগের Annual Performance Agreement শতভাগ সম্পন্ন করার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য কার্যক্রম। তিনি আরও বলেন যে, কোনভাবেই যেন অভিযোগ সংক্রান্ত কোন পত্র পেন্ডিং অবস্থায় না থাকে। তিনি যে কোন অভিযোগের বিষয়ে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

৪। সভায় অভিযোগ নিষ্পত্তি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সহকারী সচিব (নীতি ও সংস্কার শাখা) জানান যে, প্রতি মাসের ১০ তারিখের মধ্যে মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে এবং এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে।

৫। সভায় এ বিভাগের আওতাধীন দপ্তর, অধিদপ্তর ও সংস্থার সকলকে অভিযোগ প্রতিকার ব্যবস্থার বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের যথাযথভাবে সেবা প্রদানের জন্য সকলকে আরো তৎপর হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। A.P.A. এর সিদ্ধান্ত অনুযায়ী ৩ (তিন) মাস অন্তর সভা অনুষ্ঠানের বিষয়ে তিনি সভাকে অবহিত করেন।

৬। সেবা প্রাপ্তির ক্ষেত্রে কোন অবস্থাতেই যাতে সেবাগ্রহীতারা হয়রানির শিকার না হন সে দিকে সর্তক দৃষ্টি রেখে সরকারি দায়িত্ব পালনের বিষয়ে আলোচনা করা হয়।

৭। শেখ হারুণ-অর-রশিদ, সহকারি শিক্ষক, বীর শ্রেষ্ঠ নূর মোহাম্মদ মাধ্যমিক বিদ্যালয়, নড়াইল সদর, নড়াইল স্বব্যাখ্যাত আবেদনটি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয়।

৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. শ্রীকান্ত কুমার চন্দ)
যুগ্মসচিব
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
ফোন: ০২-২২৩৩৫৩৭৭৩
ই-মেইল: policy.reform@moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৮৬.২৭.০০১.২০২১-৩২

তারিখ: ৮ আষাঢ় ১৪৩০
২২ জুন ২০২৩

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (আপীল নিষ্পত্তি কর্মকর্তা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. যুগ্মসচিব (অনিক নিষ্পত্তি কর্মকর্তা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. যুগ্মসচিব (প্রশাসন ও সংস্থাপন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব ( বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
১১. উপসচিব (সরকারি কলেজ-৫), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপসচিব (সংসদ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

22।০৬।২০২৩

(ড. শ্রীকান্ত কুমার চন্দ)
যুগ্মসচিব
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
ফোন: ০২-২২৩৩৫৩৭৭৩
ই-মেইল: policy.reform@moedu.gov.bd